

তারিখ 04 SEP. 1987...
পৃষ্ঠা... কলাম 5...

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ১৪ ও ১৫ জুলাইয়ের হত্যাকাণ্ড
ছাত্রদল নেতা নীরু ও খবিরসহ ১২ জনের বিরুদ্ধে চার্জশীট

(নিজস্ব বার্তা পরিবেশক)
গত ১৪ এবং ১৫ই জুলাই ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২জন ছাত্র ও ১ জন রিক্রাচালককে হত্যার অভিযোগে রমনা থানায় দায়েরকৃত ২টি হত্যা মামলায় পুলিশ জাতীয়তাবাদী ছাত্রদলের সাংগঠনিক সম্পাদক সানাউল হক নীরু ও সহকারী অফিস সম্পাদক আ. ফ. ম. খবিরুল বাশার ওরফে খবিরসহ ১২ জন ছাত্রদল নেতা ও কর্মীর বিরুদ্ধে আদালতে চার্জশীট দাখিল করেছে বলে নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে। এই সূত্রে বলা হয়েছে যে, বজলুর রহমান ওরফে পাগলা শহীদেবির বিরুদ্ধে ২টি হত্যা মামলায়ই আদালতে চার্জশীট দাখিল করা (শেষ পৃ: ৩-এর ক: প্র:)

সিডিকেটের সভা বাতিল
ঢাকা বিশ্ববিদ্যালয়ের আরেকটি উদ্বৃত্ত কমিটির রিপোর্ট পেশ

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)
ঢাকা বিশ্ববিদ্যালয় গঠিত আরেকটি উদ্বৃত্ত কমিটি গতকাল বৃহস্পতিবার উপাচার্যের কাছে রিপোর্ট পেশ করেছে। গত ১৪ ও ১৫ই জুলাই বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হলে সংঘটিত ভাংচুর, অগ্নিসংযোগসহ (শেষ পৃ: ৪-এর ক: প্র:)

চার্জশীট
(১ম পাতার পর)

হয়েছে। পুলিশ সূত্রে বলা হয়েছে যে, ১৪ই জুলাই রাতে সুবসেন হলের গেটের কাছে ছাত্রদল কর্মী ওয়াদুদ হালিমকে গুলি করে হত্যা করা হয়। এখাপার রমনা থানায় একটি হত্যা মামলা দায়ের করা হয়। পুলিশ এই হত্যা মামলার উদ্বৃত্তশেষে গত ৩০শে আগষ্ট ৪ জনের বিরুদ্ধে আদালতে চার্জশীট দাখিল করে। তারা হল, বজলুর রহমান খান ওরফে পাগলা শহীদ, আ. ফ. ম. খবিরুল বাশার ওরফে খবির, আবুল বাশার হাওলাদার ওরফে বাশার ও গোলাম মর্ত্তুজা।

এ সূত্রে আরো বলা হয়েছে যে, ১৫ই জুলাইয়ের ঘটনায় জাসদ (ইন) সমর্থক ছাত্রলীগের কর্মী মুম্বা ও রিক্রাচালক আবদুর রহীমের হত্যার ব্যাপারে রমনা থানায় আরো একটি হত্যা মামলা দায়ের করা হয়। এই হত্যা মামলায় পুলিশ গত ২৮শে আগষ্ট ৯ জনের বিরুদ্ধে আদালতে চার্জশীট দাখিল করেছে। তারা হল: সানাউল হক ওরফে নীরু, বজলুর রহমান খান ওরফে পাগলা শহীদ, গোলাম ফারুক, মালেক, মাহবুবুর রহমান, কামরুজ্জামান ওরফে রতন, শফিকুল ইসলাম ওরফে শফিক, ইলিয়াস আলী ও আলী।

বাতিল
(১ম পাতার পর)

অন্যান্য ক্ষয়ক্ষতির পরিমাণ বিপণ করার লক্ষ্যে এই কমিটি গঠিত হয়েছিল। এদিকে গতকাল আর সিডিকেটের এক সভা অত্র কারণে বাতিল করা হয়েছে ব জানা গেছে। একজন সিডিকেট সদস্য জানিয়েছেন, বুধবার রা সভার একটি চিঠি পাবার গতকাল সকালেই জানানো হয় সভা বাতিল করা হয়েছে। সত বিশ্ববিদ্যালয় খোলার তারি নির্ধারণের কথা ছিল।

বুধবারের ঘটনার নিন্দা
ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১০ জন ছাত্র-ছাত্রী এক যুক্ত বিবৃতি গত বুধবার উপাচার্যের অফিসে জানানো পরজা ভাংচুর ও বিধিককে ভালা লাগানোর নিশ্চয় করেছে। দায়ী ব্যক্তিদের শাস্ত দাবী করেছে।